



Bangabandhu Council Australia

বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়া

সংবাদ বিজ্ঞপ্তি

৩১ অক্টোবর ২০১৪

ক্যানবেরায় বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়া-র ব্যস্ত একটি দিন

অস্ট্রেলিয়ার ফেডারেল লেবার পার্টির আমন্ত্রণে বাংলাদেশি কমিউনিটির প্রতিনিধি হিসেবে বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়ার নেতৃত্বে সভাপতি শেখ শামীমুল হকের নেতৃত্বে গত সোমবার, ২৭ অক্টোবর, ক্যানবেরাস্থ অস্ট্রেলিয়ান পার্লামেন্ট ভবন সফর করেন। তাঁরা ফেডারেল লেবার পার্টির নেতা বিল শটেনসহ বিশিষ্ট কয়েকজন সিনেটর ও এমপির সাথে সাক্ষাত করেন। বঙ্গবন্ধু কাউন্সিল নেতৃত্বদের অন্যান্যরা হলেন সাধারণ সম্পাদক তুষার রায়, জ্যোষ্ঠ নির্বাহী সদস্য ড. আব্দুর রাজ্জাক এবং জনসংযোগ ও বিজনেস ডেভেলপমেন্ট সেক্রেটারি সুরজিং রায়।



(বাঁ থেকে) ড. আব্দুর রাজ্জাক, শেখ শামীমুল হক, বিল শটেন, তুষার রায় ও সুরজিং রায়।

দিনের প্রথমার্ধে ফেডারেল লেবার পার্টির কয়েকজন সিনেটর ও এমপি এই নেতৃত্বদের পার্লামেন্ট ভবনে অভ্যর্থনা জানান। সম্পত্তি জোরদারকৃত নিরাপত্তা প্রক্রিয়া শেষে চলতি অধিবেশনের দিনের বিষয়সূচি সম্পর্কে তাঁরা কাউন্সিল নেতৃত্বদের অবহিত করেন। এরপর সৌজন্য সাক্ষাতে শ্যাডো ট্রেজারার ক্রিস বাওয়েন এমপি সহ অন্যান্য নেতাদের সাথে তাঁরা অস্ট্রেলিয়া ও বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন।

ফেডারেল লেবার পার্টির আমন্ত্রিত অতিথি হিসেবে পার্লামেন্ট ভবনের মেম্বার্স ডাইনিং লাউঞ্জে মধ্যাহ্নভোজে আপ্যায়িত হবার পর নেতৃত্ব সিনেটর ও এমপিদের সাথে তাঁদের নিজ নিজ কার্যালয়ে বিশেষ সাক্ষাত্কারে মিলিত হন। কাউন্সিল নেতৃত্ব তাঁদেরকে কাউন্সিলের কর্মকাণ্ড সম্পর্কে অবহিত করেন এবং অভিবাসন-সংক্রান্ত নীতিমালাসহ বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন সমস্যা ও উদ্দেগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সিনেটরদের অনুরোধে কাউন্সিল নেতৃত্ব এরপর পার্লামেন্টের চলতি অধিবেশনের একটি বিশেষ পর্ব প্রত্যক্ষ করেন।



মেন্দার্স ডাইনিং লাউঞ্জে ড. আব্দুর রাজাক (বাঁ থেকে দ্বিতীয়), সিনেটর স্যাম ড্যাস্টেয়ারি, শেখ শামীমুল হক, তুষার রায় ও সুরজিৎ রায়।



ম্যাট থিসিলওয়েট (বাঁ থেকে দ্বিতীয়), শেখ শামীমুল হক, ড. আব্দুর রাজাক, তুষার রায় ও সুরজিৎ রায়।

উল্লেখ্য, অস্ট্রেলিয়া লেবার পার্টির কিংবদন্তীতুল্য নেতা ও সাবেক প্রধানমন্ত্রী গফ হাইটলামের সদ্যপ্রয়াণে বাংলাদেশি কমিউনিটির পক্ষ থেকে বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়ার সভাপতি শেখ শামীমুল হক বাংলাদেশ-অস্ট্রেলিয়া সম্পর্কের ওপর আলোকপাত করে একটি তথ্যবহুল শোকবার্তা পাঠান।

সিনেটর স্যাম ড্যাস্টেয়ারি এই শোকবার্তাটি পার্লামেন্টের সিনেট অধিবেশনে পাঠ করে শোনান। এই শুন্ধা জ্ঞাপনের জন্য তিনি শেখ শামীমুল হক ও বাংলাদেশি কমিউনিটিকে বিশেষ ধন্যবাদ জানান।



(বাঁ থেকে) সুরজিৎ রায়, ড. আব্দুর রাজাক, সিনেটর স্যাম ড্যাস্টেয়ারি, তুষার রায় ও শেখ শামীমুল হক।

পার্লামেন্ট ভবনে একান্ত সাক্ষাত্কার প্রদানকারীদের মধ্যে ছিলেন নিউ সাউথ ওয়েলস থেকে নির্বাচিত ফেডারেল পার্লামেন্টের লেবার সিনেটর স্যাম ড্যাস্টেয়ারি, পররাষ্ট্র ও অভিবাসন বিষয়ক শ্যাডো পার্লামেন্টারি সেক্রেটারি ম্যাট থিসিলওয়েট এমপি এবং ফেডারেল পার্লামেন্টে বিরোধী দলীয় নেতা বিল শটেন এমপি।

সিডনি ফেরার আগে বিকাল পাঁচটায় বঙ্গবন্ধু কাউন্সিল নেতৃত্বন্দ বাংলাদেশ হাই কমিশনে সদ্যনিযুক্ত হাই কমিশনার মান্যবর কাজী ইমতিয়াজ হোসেনের সাথে একটি একান্ত সাক্ষাত্কারে মিলিত হন।

তুষার রায়
সাধারণ সম্পাদক

Sheikh S Huque
President
Mobile: 0402 001 788
E: sheikh.huq@gmail.com

Tushar Roy
General Secretary
Mobile: 0413 045 133
E: tushar88@bigpond.com

Mailing Address
PO Box 60
Moorebank NSW 1875
Web: bangabandhu council.com.au

Registration No
INC9891790
A B N
84 788 115 907